

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১ জন ২০ SEP ১৯ ছাত্রকে বহিষ্কার

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥
ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ১১ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার ও অব্যাহতি ঘোষণা করেছে, ১ জন ছাত্রকে ২ বছরের জন্য বহিষ্কার ও অপর ৫ জনকে সতর্ক করে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসমূলক কার্যকলাপ, শিক্ষক ও প্রশাসনের সঙ্গে দুর্ব্যবহার

ক্যাম্পাসে, আইন-শৃংখলা পরিপন্থী কার্যকলাপের অভিযোগ তদন্তের জন্য ইতিপূর্বে গঠিত তদন্ত কমিটির রিপোর্টের প্রেক্ষিতে ডিসিপ্রিনারি কমিটির সুপারিশের ভিত্তিতে সিন্ডিকেট গতকাল অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করে। শেষ পূঃ ৪-এর কঃ দেখুন

ছাত্র বাহিনীর

প্রথম পৃষ্ঠার পর

বহিষ্কৃত ১১ জন ছাত্রের মধ্যে ৮ জন বিএনপি'র অঙ্গ সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা-কর্মী এবং অপর ৩ জন জাসদ (ইনু)-এর অঙ্গ সংগঠন ছাত্র লীগ (মু-না)-এর নেতা-কর্মী। ২ বছরের জন্য বহিষ্কৃত ছাত্রটি সদ্য বিলুপ্ত জাতীয় ছাত্র সমাজ কর্মী। সতর্কবাণী প্রাপ্ত ছাত্রদের মধ্যে ৩ জন জাতীয়তাবাদী ছাত্রদল নেতা-কর্মী, ১ জন ছাত্র লীগ (মু-না) নেতা ও অপর জন সদ্য বিলুপ্ত জাতীয় ছাত্র সমাজ কর্মী।

বহিষ্কৃত জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা-কর্মী ৮ জন হলেন (১) মোঃ সানাউল হক (নীক) দর্শন বিভাগ থেকে এম. এ. শেষ পর্ব পরীক্ষা দিয়েছে এবং লাইব্রেরী সায়েন্সের ডিপ্লোমার ছাত্র। (২) গোলাম ফারুক (অভি) ৩য় বর্ষ বি. এস. এস (অনার্স) পরীক্ষার্থী, সমাজ বিজ্ঞান বিভাগ। (৩) শফিকুল ইসলাম (শফিক) ১ম বর্ষ বি. কম. (অনার্স), মার্কেটিং বিভাগ। (৪) মাহবুবুর রহমান খান (মাহবুব) এম. এস. এস শেষ পর্ব (পরীক্ষা দিয়েছে) রাষ্ট্র বিজ্ঞান বিভাগ। (৫) আবদুল মালেক, ১ম বর্ষ অনার্স, ব্যবস্থাপনা বিভাগ। (৬) মোঃ কামরুজ্জামান (রতন), ৩য় বর্ষ অনার্স (পরীক্ষার্থী) ইতিহাস বিভাগ। (৭) মোঃ বজলুর রহমান খান (শহিদ) এম. এ. শেষ পর্ব, ইতিহাস বিভাগ। (৮) মোঃ ইলিয়াস আলী, ১ম পর্ব এম. কম. ফিন্যান্স বিভাগ।

বহিষ্কৃত জাসদ (ইনু)-এর অঙ্গ সংগঠন ছাত্র লীগ (মু-না) নেতা-কর্মীরা হলেন (১) আবু হাসান (মুরাদ), ২য় বর্ষ, বি. এস. এস. অনার্স, রাষ্ট্র বিজ্ঞান বিভাগ। (২) আবু সাঈদ নাসিরউদ্দিন (শিপন), এম. এ. শেষ পর্ব, ইতিহাস বিভাগ। (৩) শাই-ই-আকরাম ৩য় বর্ষ, বি. এস. এস. অনার্স, রাষ্ট্র বিজ্ঞান বিভাগ। ২ বছরের জন্য বহিষ্কৃত হয়েছেন গোলাম মোরতজা, ডিপ্লোমা, গ্রন্থাগার বিজ্ঞান বিভাগ। তিনি সদ্য বিলুপ্ত জাতীয় ছাত্র সমাজের কর্মী। বিশ্ববিদ্যালয়ে ভবিষ্যতে আইন-শৃংখলা পরিপন্থী কাজ থেকে বিরত থাকার জন্য সতর্কীকরণকৃত ৫ জন হলেন (১) মোঃ কামরুজ্জামান চৌধুরী (বাবু), এম. বি. এ. (শেষ পর্ব) (জাতীয়তাবাদী ছাত্রদল) (২) খান, এ. মির্জা মাসুদ (জুয়েল), ১ম বর্ষ, অনার্স ব্যবস্থাপনা বিভাগ (জাতীয়তাবাদী ছাত্রদল) (৩) হাসিবুর রহমান (মুকুর) ৩য় বর্ষ, বি. কম. অনার্স, ব্যবস্থাপনা বিভাগ, ছাত্র লীগ (মু-না) (৪) মোঃ নাসীমউদ্দিন (আলম), ডিপ্লোমা, গ্রন্থাগার, বিজ্ঞান বিভাগ (জাতীয়তাবাদী ছাত্রদল) (৫) মোঃ ইকবাল হোসেন, মাস্টার অব ডেমোগ্রাফী (সদ্য বিলুপ্ত জাতীয় ছাত্র সমাজ)। এছাড়া অভিযোগ প্রমাণিত না হওয়ায় অন্য দু'জন ছাত্র অব্যাহতি পেয়েছেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত মধ্য জুলাইয়ের ও অন্যান্য সময়ের সন্ত্রাসমূলক কার্যকলাপ, শিক্ষক ও প্রশাসনের সঙ্গে দুর্ব্যবহার, ক্যাম্পাসে আইন-শৃংখলা পরিপন্থী কার্যকলাপ প্রভৃতি বিষয় তদন্ত করার জন্য গত জুলাই মাসে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে ১৮ জন ছাত্রকে তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের উত্তর দানের জন্য চিঠি দেয়।

অভিযোগ ও প্রাপ্ত উত্তরসমূহ বিবেচনার পর শৃংখলা পরিষদ সিন্ডিকেটের নিকট শান্তির সুপারিশসমূহ প্রদান করে। বিশ্ববিদ্যালয়ের যে কোন ধরনের শৃংখলা ভঙ্গে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সিন্ডিকেট ও প্রয়োজনে ভবিষ্যতেও এ ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য গতকালের সভায় প্রশাসনকে অনুরোধ জানায়।